আল্লাহ সে ব্যক্তির উপর রহমত বর্ষণ করেন যে আসরের (ফরযের) পূর্বে চার রাক‘আত (নফল) সালাত আদায় করে।

আব্দুল্লাহ ইবন ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “আল্লাহ সে ব্যক্তির উপর রহমত বর্ষণ করেন
যে আসরের (ফরযের) পূর্বে চার রাক‘আত (নফল) সালাত আদায় করে।” [হাসান] [এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

হাদীস শরীফটি তার ফজিলত বর্ণনা করছে যে ব্যক্তি আসর সালাতের পূর্বে চার রাক‘আত নফল সালাত আদায় করে। কারণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তার জন্য আল্লাহর রহমতের দু‘আ করেছেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/11252